



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৫-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের স্কুল ফুটবল কমিটির ব্যবস্থাপনায় 'জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৯-২০' এর ফাইনাল খেলা আগামীকাল ২৬ ডিসেম্বর ২০২০ তারিখ ছাগলনাইয়া পাইলট হাই স্কুল ফেনী বনাম বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুল এর মধ্যে ঢাকায় পল্টন ময়দানস্থ আউটার স্টেডিয়ামে বিকাল ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত ম্যাচের বিস্তারিত তথ্যাদি অবহিত করনের লক্ষ্যে অদ্য ২৫-১২-২০২০ তারিখ বিকাল ৪:৩০ ঘটিকায় বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাফুফে সদস্য ও বাফুফে স্কুল ফুটবল কমিটির চেয়ারম্যান জনাব বিজন বড়ুয়া এবং বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ। এছাড়াও উপস্থিত ছিলেন ছাগলনাইয়া পাইলট হাই স্কুল ফেনী ফুটবল দলের প্রধান প্রশিক্ষক জনাব নাসির উদ্দিন ও অধিনায়ক আরমান হোসেন অভি এবং বাগেরহাট বহুমুখী কলিজিয়েট স্কুল ফুটবল দলের প্রধান প্রশিক্ষক জনাব হাসিবুর রহমান ও অধিনায়ক মোঃ রমজান শেখ।

আগামীকাল ২৬ ডিসেম্বর ২০২০ তারিখ 'জাতীয় স্কুল ফুটবল টুর্নামেন্ট ২০১৯-২০' এর ফাইনাল ম্যাচে বাফুফের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহ উদ্দীন, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতিবৃন্দসহ নির্বাহী কমিটির সকল সদস্য ফাইনাল ম্যাচে উপস্থিত থেকে খেলা উপভোগ ও খেলোয়াড়দের মধ্যে পুরস্কার বিতরণ করবেন।

ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সকল সম্মানিত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিকবৃন্দকে উক্ত ফাইনাল ম্যাচ উপভোগ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।